

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রচন্ড ভীতির সময় যুদ্ধ শেষ না হওয়া পর্যন্ত সালাতকে বিলম্বিত করা জায়েয

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ عِنْدَ اشْتِدَادِ الْخَوْفِ أَنْ يُؤَخِّرَ الصَّلَاةَ إِلَى أَنْ يَفْرُغَ مِنْ قِتَالِهِ

আরবী

2878 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ بِحِمْصَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: وَلَا أَعْلَمُ إِلَّا أَنَّ أَبَا عَمْرٍ حَدَّثَنَا بِحَدِيثِ بِهِ بْنُ خَالِدِ قَالَ حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: وَلَا أَعْلَمُ إِلَّا أَنَّ أَبَا عَمْرٍ حَدَّثَنَا بِحَدِيثِ بِهِ شَيْبَانُ أَبُو مُعَاوِيَةَ وَغَيْرُهُ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سلمة عن جَابِرٍ: أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ جَاءَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةَ الْخَنْدَقِ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ مَا لِللَّهِ مَا لِخَطَّابِ جَاءَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةَ الْخَنْدَقِ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ مَا كِدت أُصَلِي الْعَصْرَ حَتَّى كَادَتِ الشَّمْسُ أَنْ تَعْرُبِ وَذَلِكَ بَعْدَمَا أَفْطَرَ الصَّائِمُ قَالَ: وَاللَّهِ مَا صَلَيْنَاهَا بَعْدُ) قَالَ: فَنَزَلَ إِلَى بُطْحَانَ ـ وَأَنَا مَعَهُ ـ فَتَوَضَّا أُنُ ثُمَّ صَلَّى الْعَصْرَ وَلِكَ بَعْدَمَا غَرَبَتِ الشَّمْسُ وبعدما أفطر الصائم.

الراوي: جَابِر بْن عَبْدِ اللَّهِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2878 ا خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

২৮৭৮. উমার বিন খাত্তাব রাদ্মিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি খন্দক যুদ্ধের রাতে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সূর্য অস্ত যাওয়া পর্যন্ত আমি আসরের সালাত আদায় করতে পারি নাই। তিনি এটা সিয়াম পালনকারী ব্যক্তির ইফতার করার পর বলেছেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আল্লাহর কসম, আমরা এখনও তা আদায় করিনি।"

রাবী বলেন, "তারপর তিনি বুতহান নামক অবতরণ করেন। এসময় আমি তাঁর সাথে ছিলাম। তিনি সূর্য অস্ত যাওয়ার সিয়াম পালনকারী ব্যক্তির ইফতার করার পর আসরের সালাত আদায় করেছেন।"[1]



ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৬৪১; সহীহ মুসলিম: ৬৩১; তিরমিযী: ১৮০; নাসাঈ: ৩/৮৪; বাগাবী: ৩৯৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৮৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন